



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।  
www.most.gov.bd

নং-৩৯.০০.০০০০.০১২.০০২.০৬.২০-

তারিখ : ০৫ ফাল্গুন ১৪২৬  
১৮ ফেব্রুয়ারি ২০২০

### বিজ্ঞপ্তি

[ প্রযুক্তি উন্নয়নের মাধ্যমে উৎপাদন ক্ষেত্রে সময়, শ্রম ও ব্যয় সাশ্রয়, নতুন পণ্য ও নতুন উৎপাদন কৌশল আবিষ্কার]

বিষয়ঃ ২০২০ -২১ অর্থ বছরে প্রযুক্তি উদ্ভাবন, গবেষণা ও উন্নয়নমূলক (R&D) প্রকল্পে অনুদান প্রদানের জন্য আবেদন আহ্বান।

বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় কর্তৃক ২০২০ -২১ অর্থবছরে প্রযুক্তি উদ্ভাবন, গবেষণা ও উন্নয়নমূলক (R&D) প্রকল্পে অনুদান প্রদানের জন্য নির্ধারিত ফরমে আবেদন আহ্বান করা যাচ্ছে।

#### ২। শর্তাবলিঃ

- (১) অনুমোদিত বিশ্ববিদ্যালয়/গবেষণা প্রতিষ্ঠান/উচ্চতর শিক্ষা প্রতিষ্ঠানে গবেষণা প্রকল্প পরিচালনাকারি শিক্ষক/গবেষকগণ তাঁদের গবেষণা প্রকল্পের জন্য আবেদন দাখিল করবেন।
- (২) আবেদন ফরম মন্ত্রণালয়ের ওয়েবসাইট হতে ডাউনলোড করা যাবে।
- (৩) একজন শিক্ষক/গবেষক কেবল একটি প্রকল্প দাখিল করতে পারবেন।
- (৪) প্রকল্প হতে হবে এক বছরে বাস্তবায়নযোগ্য।
- (৫) গবেষকের যোগ্যতা ও প্রকল্পের গ্রহণযোগ্যতা- এ দুয়ের ভিত্তিতে আবেদন মূল্যায়ন করা হবে।
- (৬) নির্ধারিত ৪টি গুপ যথা- (১) জীববিদ্যা, চিকিৎসাবিদ্যা ও পুষ্টি বিদ্যা, (২) ফলিত বিজ্ঞান ও প্রকৌশল, (৩) ভৌত বিজ্ঞান এবং (৪) কৃষি, খাদ্য, জলবায়ু ও পরিবেশ বিজ্ঞান বিষয়ক প্রকল্প দাখিল করা যাবে।
- (৭) আবেদনকারীর সর্বনিম্ন শিক্ষাগত যোগ্যতা হবে স্নাতকোত্তর।
- (৮) বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় হতে প্রদেয় ২০২০-২১ অর্থবছরের অন্যান্যকোন অনুদান গ্রহণ করলে এই প্রকল্প গ্রহণ করা যাবে না।
- (৯) প্রতিষ্ঠানে কর্মরত গবেষকগণ উৎসাহিত হবেন। গবেষকের পদবী উল্লেখ করে আবেদন করতে হবে। ব্যক্তিগত বাসা/বাড়ির ঠিকানায় আবেদন করা যাবে না। ছাত্রছাত্রীগণ আবেদনের যোগ্য নন।
- (১০) সরকারি প্রতিষ্ঠানের গবেষকগণ তাদের প্রতিষ্ঠান হতে দেয়া পূর্বানুমতি পত্রসহ আবেদন করবেন। বেসরকারি প্রতিষ্ঠানের গবেষকগণ তাদের প্রতিষ্ঠানের প্যাডে সুপারিশপত্র, ওয়েবসাইট, ই-মেইল ও প্রতিষ্ঠানের পূর্ণ ঠিকানাসহ আবেদন করবেন।
- (১১) আবেদনকারী ৩০০ টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে নির্ধারিত বাক্য সম্বলিত অজ্ঞিকারনামা মৌখিক সাক্ষাৎকার বোর্ডে দাখিল করবেন। অজ্ঞিকারনামা মন্ত্রণালয়ের ওয়েবসাইটে পাওয়া যাবে।
- (১২) গবেষণা প্রকল্প প্রস্তাবের একটি কপি (সর্বোচ্চ ৩ পাতা) আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে। প্রস্তাবের তিনটি কপি সাক্ষাৎকারকালে বোর্ডে দাখিল করতে হবে।
- (১৩) প্রাপ্ত আবেদনসমূহ প্রাথমিকভাবে বাছাইয়ের পর মন্ত্রণালয়ের ওয়েবসাইটে তালিকা প্রকাশ করা হবে এবং উক্ত তালিকা অনুযায়ী সাক্ষাৎকার অনুষ্ঠিত হবে। সাক্ষাৎকারের তারিখ ও স্থান যথাসময়ে SMS করে জানানো হবে।

৩। আবেদনপত্র খামবদ্ধ করে [অধিশাখা-১২, কক্ষ নং-৯১৯, ভবন নং-৬, বাংলাদেশ সচিবালয়, ঢাকা] ঠিকানায় প্রেরণ করতে হবে। খামের উপর মোটা কালিতে R&D শব্দ এবং গ্রুপের নাম লিখতে হবে।

৪। বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় আবেদনের সময়সীমা ও শর্তাবলি পরিবর্তন বা প্রয়োজনে নতুন শর্ত আরোপ করার অধিকার রাখে।

৫। মন্ত্রণালয়ে আবেদনপত্র পৌঁছানোর শেষ তারিখ ৩০ মার্চ ২০২০।

  
১৬/০২/২০২০  
(মোঃ রবিউল ইসলাম)

যুগ্মসচিব

ফোনঃ ৯৫৪০৩৪৮

E-mail:section12@most.gov.bd